

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

শ্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৩৩.২১. ২৭২

তারিখ: ০৮ জ্যোতিশ্চন্ত্র ১৪৩০  
২২ জুন ২০২৩

### প্রজ্ঞাপন

জনাব মীর আবু বক্তার, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, আলফাডাঙ্গা, ফরিদপুর-এর বিকান্দে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে ২০ ডিসেম্বর ২০২১ বিভাগীয় মামলা (বিমা-৪০৭/১১/২১) রজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর কোন লিখিত জবাব দাখিল করেননি এবং সে জন্য বিষয়টি বিভাগীয় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে অভিযোগটি প্রমাণিত হয়; এবং

যেহেতু, অভিযোগটি প্রমাণিত হওয়ায় বর্ণিত কর্মচারীর নামে দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের জবাব পাওয়ার পর তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বজ্র্য ও বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিকান্দে আনীত ১৯ অক্টোবর ২০২০ তারিখ থেকে অদ্যাবধি কর্মসূলে অনুপস্থিত থাকার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে তাই সার্বিক বিবেচনায় তাকে ‘গুরুদণ্ড’ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মীর আবু বক্তার, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, আলফাডাঙ্গা, ফরিদপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (৩)(১)(ক) উপবিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে “নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ দণ্ড” প্রদান করা হলো। অর্থাৎ উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক হিসেবে তার বেতন ১৪ গ্রেড (১০২০০-২৪৬৮০/-) থেকে ১৫ গ্রেড (৯৭০০-২৩৪৯০/-) এ অবনমিত হবে। তার বেতন ১ জ্লাই ২০২৩ তারিখ ৯৭০০/-টাকায় নির্ধারণ করতে হবে। ১৯ অক্টোবর ২০২০ তারিখ থেকে এ দ্বিতীয় কার্যকরী হওয়ার দিন পর্যন্ত তার অনুপস্থিতিক্রম অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

শ্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৩৩.২১. ২৭২ (৩১)

তারিখ: ০৮ জ্যোতিশ্চন্ত্র ১৪৩০  
২২ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যোতির ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
৬. শেখ সাইদুর রহমান, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭. উপজেলা শিক্ষা অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৯. জনাব মীর আবু বক্তার, উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, আলফাডাঙ্গা, ফরিদপুর।
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

ড. নাহিমা (বেগম)  
উপপরিচালক  
২২/৬/২০২৩